

**ডিআইআইটি ৯০ মহিলাকে
বিনামূল্যে বেসিক
কম্পিউটার শিক্ষা দিয়েছে**

স্টাফ রিপোর্টার ॥ ড্যাফোডিল ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (ডিআই-আইটি) ৯০ জন মহিলাকে বিনামূল্যে বেসিক কম্পিউটার শিক্ষা প্রদান করেছে। এ উপলক্ষে সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী খুরশীদ জাহান হক বলেন, নারী সমাজ এখন তথ্যপ্রযুক্তি

শিক্ষার প্রতি আগ্রহী। ডিআইআইটির উদ্যোগকে স্বাগত জানিয়ে তিনি আশা প্রকাশ করেন, এ ধরনের প্রচেষ্টা অব্যাহত থাকবে। সোমবার সোবহানবাগস্থ ডিআইআইটির ক্যাম্পাসে আয়োজিত অনুষ্ঠানে খুরশীদ জাহান হক প্রধান অতিথি ছিলেন। অনুষ্ঠানে জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান মাহমুদা হোসেন, বিসিএস সভাপতি সবুর খান, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ডক্টর আমিনুল ইসলাম, মোঃ নুরজ্জামান প্রমুখ বক্তৃতা করেন।